ঝালকাঠি সদর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা সমবায় কর্মকর্তা, উপজেলা সমবায় কার্যালয়, ঝালকাঠি সদর।

এবং

জেলা সমবায় কর্মকর্তা, জেলা সমবায় কার্যালয়, ঝালকাঠি।-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৪ - জুন ৩০, ২০২৫

## সূচিপত্র


উপজেলা অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: উপজেলা অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: উপজেলা অফিসের বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৩

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ........ ১৪

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ........ ১৬

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ........ ১৭

# উপজেলা অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
# (Overview of the Performance of the Upazilla Office)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

সমবায়কে উন্নয়নমুখী ও টেকসই করার জন্য সমবায় অধিদপ্তরের কাজের ধারাবাহিকতার পাশাপাশি ভবিষ্যৎ চ্যালেঞ্জ মোকাবেলার জন্য ভিত্তি প্রস্তুতের ক্ষেত্রে উপজেলা সমবায় কার্যালয়, ঝালকাঠি সদর বিগত তিন বৎসরে উল্লেখযোগ্য সাফল্য অর্জনে সক্ষম হয়েছে। বিগত তিন অর্থবছরে মোট ৪৩ টি নতুন সমবায় গঠন করা হয়েছে ৮৬০ জন নতুন সমবায়ীকে সদস্যভুক্ত করা হয়েছে। গত ২০২১-২০২২ অর্থ বছরে ৩৬৫টি, ২০২২-২০২৩ অর্থ বছরে ২৩৬ টি (কার্যকর), ২০২৩-২০২৪ অর্থ বছরে ২৩৫ টি (কার্যকর) সমবায়ের নিরীক্ষা সম্পন্ন করা হয়েছে। ২০০ জন সমবায়ী (পুরুষ) ও ৫০ জন সমবায়ী (মহিলা) কে ভ্রাম্যমাণ প্রশিক্ষণের মাধ্যমে চাহিদা ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। চাহিদা ভিত্তিক প্রশিক্ষন ও ঋন প্রদানের মাধ্যমে ৪১৫ জন সদস্যদের আত্ব কর্মসংস্থান করা হয়। ঝালকাঠি সদর উপজেলায় দুটি 'দুগ্ধ সমবায় সমিতির কার্য ক্রম বিস্তিতকরনের মাধ্যমে বৃহত্তর ফরিদপুর,খুলনা ও বরিশাল জেলার দারিদ্র্য হ্রাসকরণ ও আর্থ-সামাজিক উন্নয়ন' শীর্ষক প্রকল্পের আবর্তক তহবিলের মাধ্যমে ঋণ বিতরণ ৪৫৫০০০০০ টাকা ও ২৮৫৫৫০০০ টাকা আদায় করা হয় এবং এর মাধ্যমে ৩৭৫ জনকে স্বাবলম্বি করা হয়েছে। আশ্রয়ণ প্রকল্পের ঋণ বিতরণ ০ টাকা ও০ টাকা আদায় করা হয়। আশ্রয়ন ফেইজ-২ প্রকল্পে ঋণ বিতরণ ১৮৫৭০০০০ টাকা ও ১৩৫৯৮০০০ টাকা আদায় করা হয়। এছাড়াও এ উপজেলায় মুজিববর্ষে উপলক্ষ্যে আশ্রয়ণ -২ প্রকল্পের সুবিধাভোগীর নিয়ে ২টি ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব মহিলা প্রকল্পের আওতায় ১টি সমবায় সমিতি নিবন্ধন করা হয়।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

.উন্নয়নমুখী ও টেকসই সমবায় গঠনের মাধ্যমে এ উপজেলায় বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের আর্থ-সামাজিক উন্নয়নে এ উপজেলায় সমবায় কার্যালয়ের চ্যালেঞ্জ বহুবিধ। এ উপজেলায় নিবন্ধিত সমবায় এর সংখ্যা ৪৯৫ টি। নানা শ্রেণি ও পেশার সম্মিলনে তৈরী হওয়া বৈচিত্রময় কার্যক্রমে পূর্ণ এ বিপুল সমবায়গুলো নিয়মিত অডিট করা, নিবিড়ভাবে মনিটরিং করা এবং সদস্যদেরকে দক্ষ ও আন্তরিক সমবায়ী হিসেবে গড়ে তোলা অন্যতম চ্যালেঞ্জ। সমবায়ীগণের চাহিদা পূরণে প্রশিক্ষণ ও প্রযুক্তি সহায়তা প্রদান সময়ের অন্যতম দাবী। কিন্তু প্রয়োজনীয় জনবল যানবাহন এবং পর্যাপ্ত বরাদ্দ না থাকায় রুটিন কাজের মাধ্যমে এ চ্যালেঞ্জ মোকাবেলা ও সময়ের দাবী পূরণ করা সম্ভব হচ্ছে না। তাছাড়া মাঠপর্যায়ে চাহিদা অনুযায়ী উন্নয়ন প্রকল্প না থাকায় সমবায়কে ব্যাপক ভিত্তিক উন্নয়নমুখী কার্যক্রমে সম্পৃক্ত করা যাচ্ছে না।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

.অবসায়ন কার্যক্রম দ্রুত নিস্পত্তি করা ,ই-রেজিস্ট্রেশন ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেসা মুজিব মহিলা সমবায় সমিতি রেজিস্ট্রেশন কার্যক্রম চালু এবং ই-সার্ভিসের আওতায় প্রোফাইল ব্যবস্থাপনার জন্য অনলাইনে রেজিষ্ট্রেশন কার্যক্রম চালু করা অন্যতম প্রধান লক্ষ্য । কার্যকর অডিট সম্পাদনের মাধ্যমে কার্যক্রমের সঠিক অবস্থা তুলে ধরা এবং হিসাবের স্বচ্ছতা নিশ্চিত করা হবে। পরিচালনা ও ব্যবস্থাপনা পৃথকভাবে পরিচালিত করার লক্ষ্যে নির্ধারিত কার্যকরী মূলধন বিশিষ্ট সমবায়গুলোতে সার্ভিস রুলস প্রণয়ন ও কর্মচারী নিয়োগের মাধ্যমে পেশাদারিত্ব প্রবর্তণ করা হবে। সমবায়ের মালিকানাধীন নামীয় অব্যবহৃত ও বেদখল জমি উদ্ধার করে সদস্যদের স্বার্থে কাজে লাগানো হবে। অকার্যকর সমবায়কে পুনকার্যকর করে উৎপাদনমুখী সমিতিতে রুপান্তর করার উদ্যোগ বাস্তবায়ন করা হবে। সর্বোপরি স্মার্ট ও ডিজিটাল বাংলাদেশ বির্নিমানে সরকার নির্ধারিত নির্দেশমালা অনুসরণপূর্বক উন্নত বাংলাদেশ গড়ার লক্ষ্যে কার্যক্রম পরিচালনা করা।

**২০২৪-২৫ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- ১০০%(২৫)টি সমবায় নিবন্ধনসহ ৩টি মডেল সমবায় গঠন করা হবে;
- চাহিদা ভিত্তিক ১০০ জন সদস্যকে ভ্রাম্যমান প্রশিক্ষণ প্রদান করা হবে;
- কার্যকর সমবায়ের ১০০% নিরীক্ষা সম্পাদন নিশ্চিত করা হবে ;
- ৯২% সমবায় এর নির্বাচন, নিরীক্ষিত সমবায়ের মধ্যে ৭২% এজিএম অয়োজন;
- ১ কোটি টাকার উর্দ্ধে সমবায়ের সার্ভিস রুল প্রণয়ন ও কর্মচারী নিয়োগ এর ব্যবস্থা করা।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

উপজেলা সমবায় কর্মকর্তা, উপজেলা সমবায় কার্যালয়, ঝালকাঠি সদর।

এবং

জেলা সমবায় কর্মকর্তা, জেলা সমবায় কার্যালয়, ঝালকাঠি।-এর মধ্যে ২০২৪ সালের ................ মাসের ................ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## উপজেলা অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

টেকসই সমবায়, টেকসই উন্নয়ন

### ১.২ অভিলক্ষ্য (Mission)

সমবায়ীদের সক্ষমতা বৃদ্ধি এবং উদ্যোক্তা সৃষ্টির মাধ্যমে কৃষি, অকৃষি, আর্থিক ও সেবা খাতে টেকসই সমবায় গড়ে তোলা।

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

#### ১.৩.১ উপজেলা অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র

১. উৎপাদন, আর্থিক ও সেবাখাতে সমবায় গঠন;

২. টেকসই সমবায় গঠনে কার্যক্রম গ্রহণ;

৩. সমবায় সংগঠনের সক্ষমতা বৃদ্ধি ও উদ্যোক্তা সৃজন;

#### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. সমবায় আদর্শে/দর্শনে উদ্বুদ্ধকরণ ও সমবায় গঠন;

২. নিরীক্ষা, পরিদর্শন ও তদারকির মাধ্যমে সমবায় সমিতিগুলোতে সুশাসন প্রতিষ্ঠা করা;

৩. সমবায় অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারিদের উচ্চতর প্রশিক্ষণের সুযোগ সৃষ্টির মাধ্যমে পেশাগত দক্ষতা বৃদ্ধি করা;

৪. প্রশিক্ষণের মাধ্যমে সমবায়ীদের দক্ষতা বৃদ্ধি এবং উদ্যোক্তা সৃজনে সহায়তা করা;

৫. সমবায় নেটওয়ার্কিং জোরদার করার লক্ষ্যে সমবায় মূল্যবোধের প্রচার, প্রকাশনা, সেমিনার ও কর্মশালার আয়োজন এবং প্রাতিষ্ঠানিক স্বীকৃতি প্রদান;

৬. পুঁজি গঠন ও বিনিয়োগের মাধ্যমে আত্মকর্মসংস্থান সৃষ্টি করা;

৭. গ্রামীণ মহিলা ও সাধারণ জনগোষ্ঠির ক্ষমতায়ন ও আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে সমবায় ভিত্তিক প্রকল্প ও কর্মসূচির বাস্

৮. সমবায় পণ্য ব্রান্ডিং ও বাজার সংযোগ প্রতিষ্ঠায় সমবায়ীদের দক্ষতা উন্নয়নে সহায়তা করা;

৯. সমবায় অধিদপ্তরের অভিলক্ষ্য অর্জন ও কার্যাবলী বাস্তবায়নে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান।

## সেকশন ২
## বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা ২০২৪-২৫ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২৫-২০২৬ | ২০২৬-২০২৭ | | |
| আত্ম-কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে বেকারত্ব দূর করে আর্থ-সামাজিক উন্নয়ন। | সমবায়ের মাধ্যমে আত্ম-কর্মসংস্থান সৃজিত(পুরুষ) | জন (লক্ষ) | ০.০০১১৫ | ০.০০১৫ | ০.০০১৭৫ | ০.০০১৮ | ০.০০১৯ | সমবায় বিভাগ, মহিলা ও শিশু মন্ত্রণালয়, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | উপজেলা সমবায় কার্যালয় সমূহের মাসিক ও ত্রৈমাসিক রিটার্ন |
| | সমবায়ের মাধ্যমে আত্ম-কর্মসংস্থান সৃজিত (মহিলা) | জন (লক্ষ) | ০.০০০৫৫ | ০.০০১২ | ০.০০১৭৫ | ০.০০১৮৫ | ০.০০১৯ | সমবায় বিভাগ, মহিলা ও শিশু মন্ত্রণালয়, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | উপজেলা সমবায় কার্যালয় সমূহের মাসিক ও ত্রৈমাসিক রিটার্ন |
| সমবায় সমিতি নিরীক্ষার মাধ্যমে অনিয়ম উদঘাটন ও ব্যবস্থাপনা কমিটির জবাব দিহি নিশ্চিতকরণ | সমিতির নিরীক্ষা সম্পাদিত | সংখ্যা | ৩৫১ | ৩৫৪ | ২৩৫ | ২৫০ | ২৬০ | সমবায় বিভাগ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, কৃষি মন্ত্রণালয়, এলজিইডি, বিআরডিব ও কাল্প। | উপজেলা সমবায় কার্যালয় সমূহের মাসিক ও ত্রৈমাসিক রিটার্ন |
| সমবায়ে সুশাসন প্রতিষ্ঠা করা | ব্যবস্থাপনা কমিটির নির্বাচন/অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি গঠিত | % | ৭৭% | ৯০% | ৯২% | ৯৩% | ৯৫% | সমবায় বিভাগ। | উপজেলা সমবায় কার্যালয় সমূহের মাসিক ও ত্রৈমাসিক রিটার্ন |

*সাময়িক (provisional) তথ্য

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| [১] উৎপাদন, আর্থিক ও সেবাখাতে সমবায় গঠন; | ২৫ | [১.১] নিবন্ধন | [১.১.১] প্রাক-নিবন্ধন প্রশিক্ষণের মাধ্যমে উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণার্থীর সংখ্যা | ক্রমপুঞ্জিভূত | জন (লক্ষ) | ৮ | ০.০০১৪৫ | ০.০০১৪৫ | ০.০০১৬ | ০.০০১৪৫ | | | | ০.০০১৭ | ০.০০১৮ |
| | | | [১.১.২] নিবন্ধন আবেদন নিষ্পত্তিকৃত | ক্রমপুঞ্জিভূত | % | ৭ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | | | | ১০০ | ১০০ |
| | | [১.২] উৎপাদনমুখী খাতে সমবায়ীদের পুজি বিনিয়োগের মাধ্যমে আত্ম কর্মসংস্থান | [১.২.১] সমবায়ের সংগঠনের মাধ্যমে আত্ম- কর্মসংস্থান সৃজিত (পুরুষ) | সমষ্টি | জন ( লক্ষ) | ৫ | ০.০০০৫ | ০.০০১৫ | ০.০০১৭৫ | ০.০০১৫৭ | | | | ০.০০১৮৫ | ০.০০১৯৫ |
| | | | [১.২.২] সমবায়ের সংগঠনের মাধ্যমে আত্ম- কর্মসংস্থান সৃজিত (মহিলা) | সমষ্টি | জন ( লক্ষ) | ৫ | ০.০০১২০ | ০.০০১২০ | ০.০০১২০ | ০.০০১০৮ | | | | ০.০০১৩ | ০.০০১৪ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| [২] টেকসই সমবায় গঠনে কার্যক্রম গ্রহণ; | ২৫ | [২.১] তদারকি ও মানোন্নয়ন | [২.১.১] সমিতির বাৎসরিক নির্বাচনী ক্যালেন্ডার সংকলিত | তারিখ | তারিখ | ২ | ১৪.০৮.২২ | ১৪.০৮.২৩ | ১৪.০৮.২৪ | ২৬.০৮.২৪ | | | | ১৪.০৮.২৫ | ১৪.০৮.২৬ |
| | | | [২.১.২] মডেল সমবায় সমিতি সৃজিত | সমষ্টি | সংখ্যা | ১ | ১ | ১ | ৩ | ৩ | | | | ৩ | ৩ |
| | | | [২.১.৩] অকার্যকর সমবায় সমিতির হালনাগাদ তালিকা সংকলিত | তারিখ | তারিখ | ৩ | | ১০০ | ১০০ | ৯০ | | | | ১০০ | ১০০ |
| | | [২.২] সমবায় সুশাসন প্রতিষ্ঠা | [২.২.১] কার্যকর সমবায়ের নিরীক্ষা সম্পাদিত | ক্রমপুঞ্জিভূত | % | ৪ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | | | | ১০০ | ১০০ |
| | | | [২.২.২] সমিতি পরিদর্শন সম্পাদিত | সমষ্টি | সংখ্যা | ২ | ৬৫ | ৭০ | ৭০ | ৬৩ | | | | ৭৫ | ৮০ |
| | | | [২.২.৩] কার্যকর সমিতির নির্বাচন অনুষ্ঠিত/অর্ন্তবর্তী কমিটি গঠিত | ক্রমপুঞ্জিভূত | % | ১ | ৮৫ | ৯০ | ৯১ | ৮২ | | | | ৯১ | ৯১ |
| | | | [২.২.৪] কার্যকর সমিতির বার্ষিক আর্থিক বিবরণী প্রাপ্তি নিশ্চিতকৃত | ক্রমপুঞ্জিভূত | % | ১ | ১০০ | ৫০ | ৬০ | ৫৪ | | | | ৭০ | ৮০ |
| | | | [২.২.৫] নিরীক্ষা সম্পাদিত সমিতির এজিএম আয়োজিত | ক্রমপুঞ্জিভূত | % | ১ | ৮০ | ৭০ | ৭০ | ৬৩ | | | | ৮০ | ৯০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| | | | [২.২.৬] নিরীক্ষা সংশোধনী প্রস্তাব দাখিলকৃত | সমষ্টি | সংখ্যা | ১ | ১২০ | ১২০ | ১২০ | ১০৮ | | | | ১২৫ | ১৩০ |
| | | [২.৩] রাজস্ব আদায় | [২.৩.১] নিরীক্ষা ফি আদায়কৃত | ক্রমপুঞ্জিভূত | % | ৩ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | | | | ১০০ | ১০০ |
| | | | [২.৩.২] সমবায় উন্নয়ন তহবিল আদায়কৃত | ক্রমপুঞ্জিভূত | % | ৩ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | | | | ১০০ | ১০০ |
| [৩] সমবায় সংগঠনের সক্ষমতা বৃদ্ধি ও উদ্যোক্তা সৃজন; | ২০ | [৩.১] স্থানীয় চাহিদা ভিত্তিক প্রশিক্ষণ | [৩.১.১] ভ্রাম্যমাণ প্রশিক্ষণ অনুষ্ঠিত (পুরুষ/মহিলা) | সমষ্টি | জন | ৮ | ১০০ | ৫০ | ১০০ | ৯০ | | | | ১৫০ | ২০০ |
| | | [৩.২] সমবায় ইনস্টিটিউটে চাহিদা অনুযায়ী প্রশিক্ষণার্থী প্রেরণ | [৩.২.১] প্রশিক্ষণার্থী প্রেরিত (পুরুষ/মহিলা) | ক্রমপুঞ্জিভূত | % | ৭ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | | | | ১০০ | ১০০ |
| | | [৩.৩] প্রাতিষ্ঠানিক স্বীকৃতি | [৩.৩.১] জাতীয় সমবায় পুরস্কারের জন্য মনোনয়ন প্রেরিত | ক্রমপুঞ্জিভূত | % | ৫ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | | | | ১০০ | ১০০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, উপজেলা সমবায় কর্মকর্তা, উপজেলা সমবায় কার্যালয়, ঝালকাঠি সদর।, জেলা সমবায় কর্মকর্তা, জেলা সমবায় কার্যালয়, ঝালকাঠি।-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, জেলা সমবায় কর্মকর্তা, জেলা সমবায় কার্যালয়, ঝালকাঠি। হিসাবে উপজেলা সমবায় কর্মকর্তা, উপজেলা সমবায় কার্যালয়, ঝালকাঠি সদর।-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| ............................................ | ০৯.০৬.২৪ ............................................ |
| উপজেলা সমবায় কর্মকর্তা<br>উপজেলা সমবায় কার্যালয়, ঝালকাঠি সদর। | তারিখ |
| ............................................ | ০৯/৬/২৪ ............................................ |
| জেলা সমবায় কর্মকর্তা<br>জেলা সমবায় কার্যালয়, ঝালকাঠি। | তারিখ |

## সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | আসই | আঞ্চলিক সমবায় ইনষ্টিটিউট |
| ২ | এজিএম | বার্ষিক সাধারণ সভা |
| ৩ | এনআইডি | জাতীয় পরিচয়পত্র |
| ৪ | এসডিজি | টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা |
| ৫ | টিসিভি | টাইম, কস্ট, ভিজিট |
| ৬ | বিবিএস | বাংলাদেশ ব্যুরো অব স্টাটিস্টিক্স |
| ৭ | বিসিএ | বাংলাদেশ সমবায় একাডেমী |
| ৮ | সিআইজি | কমন ইন্টারেস্ট গ্রুপ |
| ৯ | সিডিএফ | সমবায় উন্নয়ন তহবিল |

## সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] নিবন্ধন | [১.১.১] প্রাক-নিবন্ধন প্রশিক্ষণের মাধ্যমে উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণার্থীর সংখ্যা | উপজেলা সমবায় কার্যালয় | জেলা ও উপজেলা প্রধান কর্তৃক নিবন্ধন প্রাপ্তির পর উপজেলার নিবন্ধ রেজিষ্টার (আবেদনকারীর নাম ও ঠিকানা, আবেদন গ্রহণের তারিখ, নিবন্ধন নিস্পত্তির তালিখ) উপজেলা সংরক্ষণ করবেন । |
| | [১.১.২] নিবন্ধন আবেদন নিস্পত্তিকৃত | উপজেলা সমবায় কার্যালয় | জেলা ও উপজেলা প্রধান কর্তৃক নিবন্ধন প্রাপ্তির পর উপজেলার নিবন্ধ রেজিষ্টার (আবেদনকারীর নাম ও ঠিকানা, আবেদন গ্রহণের তারিখ, নিবন্ধন নিস্পত্তির তালিখ) উপজেলা সংরক্ষণ করবেন । |
| [১.২] উৎপাদনমুখী খাতে সমবায়ীদের পূজি বিনিয়োগের মাধ্যমে আত্ম কর্মসংস্থান | [১.২.১] সমবায়ের সংগঠনের মাধ্যমে আত্ম-কর্মসংস্থান সৃজিত (পুরুষ) | উপজেলা সমবায় কার্যালয় | সমিতির সভাপতি কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র এবং উপজেলা কর্তৃক প্রদর্শিত তথ্যের আলোকে কর্মসংস্থান এর তালিকা (উপজেলার নাম, কর্মসংস্থান সৃজিত সমবায় এর সংখ্যা, কর্মসংস্থান এর সংখ্যা) উপজেলা সমবায় দপ্তর সংরক্ষণ করবেন ও জেলায় প্রেরণ করবেন। |
| | [১.২.২] সমবায়ের সংগঠনের মাধ্যমে আত্ম-কর্মসংস্থান সৃজিত (মহিলা) | উপজেলা সমবায় কার্যালয় | সমিতির সভাপতি কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র এবং উপজেলা কর্তৃক প্রদর্শিত তথ্যের আলোকে কর্মসংস্থান এর তালিকা (উপজেলার নাম, কর্মসংস্থান সৃজিত সমবায় এর সংখ্যা, কর্মসংস্থান এর সংখ্যা) উপজেলা সমবায় দপ্তর সংরক্ষণ করবেন ও জেলায় প্রেরণ করবেন। |
| [২.১] তদারকি ও মানোন্নয়ন | [২.১.১] সমিতির বাৎসরিক নির্বাচনী ক্যালেন্ডার সংকলিত | উপজেলা সমবায় কার্যালয় | উপজেলা প্রধান কর্তৃক স্বাক্ষরিত তালিকা এবং (সমবায়ের নাম, রেজি; নং ও নির্বাচনের সম্ভাব তারিখ) উপজেলা সমবায় দপ্তর সংরক্ষণ করবেন ও জেলায় প্রেরণ করবেন। |
| | [২.১.২] মডেল সমবায় সমিতি সৃজিত | উপজেলা সমবায় কার্যালয় | উপজেলা প্রধান কর্তৃক স্বাক্ষরিত সমিতির সার্বিক চিত্র, প্রত্যয়নপত্র এবং (উপজেলা ভিত্তিক মডেল সমবায় সমিতির নাম, ঠিকানা ও তারিখ) উপজেলা সমবায় দপ্তর সংরক্ষণ করবেন ও জেলায় প্রেরণ করবেন। |
| | [২.১.৩] অকার্যকর সমবায় সমিতির হালনাগাদ তালিকা সংকলিত | উপজেলা সমবায় কার্যালয় | সমিতি কর্তৃক স্বাক্ষরিত (সমবায়ের নাম, রেজি: নং ও অনুমোদনের তারিখ) উপজেলা সমবায় দপ্তর সংরক্ষণ করবেন ও জেলায় প্রেরণ করবেন। |
| [২.২] সমবায় সুশাসন প্রতিষ্ঠা | [২.২.১] কার্যকর সমবায়ের নিরীক্ষা সম্পাদিত | উপজেলা সমবায় কার্যালয় | অডিট অফিসার কর্তৃক স্বাক্ষরিত নিরীক্ষা প্রতিবেদন এবং উপজেলা ভিত্তিক তালিকা (অডিট অফিসারের নাম, অডিটকৃত সমবায় সমিতির নাম, অডিট সম্পাদনের তারিখ) উপজেলা সমবায় দপ্তর সংরক্ষণ করবেন ও জেলায় প্রেরণ করবেন। |
| [২.২] সমবায় সুশাসন প্রতিষ্ঠা | [২.২.২] সমিতি পরিদর্শন সম্পাদিত | উপজেলা সমবায় কার্যালয় | উপজেলা প্রধান/সহকারী পরিদর্শক কর্তৃক স্বাক্ষরিত প্রতিবেদন এবং (উপজেলা ভিত্তিক তালিকা, সমবায় সমিতির নাম, পরিদর্শনকারী কর্মকর্তার নাম ও পরিদর্শনের তারিখ) উপজেলা সমবায় দপ্তর সংরক্ষণ করবেন ও জেলায় প্রেরণ করবেন। |
| | [২.২.৩] কার্যকর সমিতির নির্বাচন অনুষ্ঠিত/অর্ন্তবর্তী কমিটি গঠিত | উপজেলা সমবায় কার্যালয় | সমিতি হতে প্রাপ্ত নির্বাচনী কাগজপত্র ও উপজেলা/জেলা সমবায় দপ্তর কর্তৃক অন্তবর্তী কমিটি গঠনের প্রমানক উপজেলা ভিত্তিক তালিকা (সমবায় সমিতির নাম, কমিটির মেয়াদ উত্তীর্ণের তারিখ, নির্বাচনের তারিখ অন্তবর্তী কমিটি গঠনের আদেশ নং ও তারিখ) উপজেলা সমবায় দপ্তর সংরক্ষণ করবেন ও জেলায় প্রেরণ করবেন। |
| | [২.২.৪] কার্যকর সমিতির বার্ষিক আর্থিক বিবরণী প্রাপ্তি নিশ্চিতকৃত | উপজেলা সমবায় কার্যালয় | সমিতির কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত হিসাব বিবরণী এবং উপজেলা ভিত্তিক তালিকা (সমবায় সমিতির নাম, এবং আর্থিক বিবরণী প্রাপ্তির তারিখ) উপজেলা সমবায় দপ্তর সংরক্ষণ করবেন ও জেলায় প্রেরণ করবেন। |
| | [২.২.৫] নিরীক্ষা সম্পাদিত সমিতির এজিএম আয়োজিত | উপজেলা সমবায় কার্যালয় | সমিতির কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত কার্যাবিবরণী এবং উপজেলা ভিত্তিক তালিকা (সমবায় সমিতির নাম, অডিট সম্পাদনের তারিখ, এজিএম অনুষ্ঠানের তারিখ) উপজেলা সমবায় দপ্তর সংরক্ষণ করবেন ও জেলায় প্রেরণ করবেন। |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [২.২] সমবায় সুশাসন প্রতিষ্ঠা | [২.২.৬] নিরীক্ষা সংশোধনী প্রস্তাব দাখিলকৃত | উপজেলা সমবায় কার্যালয় | সমিতি হতে প্রাপ্ত নিরীক্ষা সংশোধনী প্রতিবেদন (সমবায়ের কর্তৃপক্ষ কর্তৃক দাখিলকৃত অডিটের তারিখ, সংশোধনী প্রতিবেদন দাখিলের তারিখ) উপজেলা সমবায় দপ্তর সংরক্ষণ করবেন ও জেলায় প্রেরণ করবেন। |
| [২.৩] রাজস্ব আদায় | [২.৩.১] নিরীক্ষা ফি আদায়কৃত | উপজেলা সমবায় কার্যালয় | সমিতি কর্তৃক দাখিলকৃত চালানের কপি উপজেলা প্রধান কর্তৃক প্রতিস্বাক্ষরিত উপজেলা ভিত্তিক তালিকা (সমবায় সমিতির নাম, বর্ণিত নীট লাভ, ধার্যকৃত অডিট সেস, আদায়কৃত টাকার পরিমাণ) উপজেলা সমবায় দপ্তর সংরক্ষণ করবেন ও জেলায় প্রেরণ করবেন। |
| | [২.৩.২] সমবায় উন্নয়ন তহবিল আদায়কৃত | উপজেলা সমবায় কার্যালয় | সমিতি কর্তৃক দাখিলকৃত ডি.ডি এর কপি উপজেলা প্রধান কর্তৃক প্রতিস্বাক্ষরিত উপজেলা ভিত্তিক তালিকা (সমবায় সমিতির নাম, বর্ণিত নীট লাভ, ধার্যকৃত সি.ডি.এফ, আদায়কৃত টাকার পরিমাণ) উপজেলা সমবায় দপ্তর সংরক্ষণ করবেন ও জেলায় প্রেরণ করবেন। |
| [৩.১] স্থানীয় চাহিদা ভিত্তিক প্রশিক্ষণ | [৩.১.১] ভ্রাম্যমাণ প্রশিক্ষণ অনুষ্ঠিত (পুরুষ/মহিলা) | উপজেলা সমবায় কার্যালয় | উপজেলা প্রধান কর্তৃক স্বাক্ষরিত এবং উপজেলা ভিত্তিক প্রশিক্ষণ তালিকা(উপজেলার নাম, কোর্স সংখ্যা, উপস্থিতির সংখ্যা) উপজেলা সমবায় দপ্তর সংরক্ষণ করবেন ও জেলায় প্রেরণ করবেন। |
| [৩.২] সমবায় ইনস্টিটিউটে চাহিদা অনুযায়ী প্রশিক্ষণার্থী প্রেরণ | [৩.২.১] প্রশিক্ষণার্থী প্রেরিত (পুরুষ/মহিলা) | উপজেলা সমবায় কার্যালয় | উপজেলা প্রধান কর্তৃক স্বাক্ষরিত এবং উপজেলা ভিত্তিক প্রশিক্ষণ তালিকা (জেলার নাম, কোর্স সংখ্যা, উপস্থিতির সংখ্যা) উপজেলা সমবায় দপ্তর সংরক্ষণ করবেন ও জেলায় প্রেরণ করবেন। |
| [৩.৩] প্রাতিষ্ঠানিক স্বীকৃতি | [৩.৩.১] জাতীয় সমবায় পুরস্কারের জন্য মনোনয়ন প্রেরিত | উপজেলা সমবায় কার্যালয় | পুরস্কার কমিটি কর্তৃক স্বাক্ষরিত ও উপজেলা প্রধান কর্তৃক প্রতিস্বাক্ষরিত তালিকা(উপজেলা হতে ক্যাটাগরি ভিত্তিক প্রেরিত সমিতির নাম ও যাবতীয় তথ্য) উপজেলা সমবায় দপ্তর সংরক্ষণ করবেন ও জেলায় প্রেরণ করবেন। |

## সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| সমবায় সুশাসন প্রতিষ্ঠা | কার্যকর সমবায়ের নিরীক্ষা সম্পাদিত | বিআরডিবি | বিআরডিবিভুক্ত সমবায়সমূহের নিরীক্ষা ৩১, মার্চ তারিখের মধ্যে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা . |
| সমবায় সুশাসন প্রতিষ্ঠা | কার্যকর সমবায়ের নিরীক্ষা সম্পাদিত | এলজিইডি | পানি ব্যবস্থাপনা সমবায় সমূহের নিরীক্ষা ৩১, অক্টোবর তারিখের মধ্যে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা |
| সমবায় সুশাসন প্রতিষ্ঠা | কার্যকর সমবায়ের নিরীক্ষা সম্পাদিত | কাল্ব | কাল্বভুক্ত সমবায়সমূহের নিরীক্ষা ৩১, মার্চ তারিখের মধ্যে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা |
| সমবায় সুশাসন প্রতিষ্ঠা | কার্যকর সমবায়ের নিরীক্ষা সম্পাদিত | কৃষি সম্প্রসারণ/মৎস্য ও প্রাণি সম্পদ অধিদপ্তর | সিআইজিভুক্ত সমবায় সমূহের নিরীক্ষা ৩১, মার্চ তারিখের মধ্যে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা |

## সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ